নিরোধ করিয়া ইন্দ্রিয়াতীত অব্যক্ত, সর্ব্বব্যাপী, অচিন্ত্য, কূটস্থ, অচল, নিত্য—এতাদৃশ পরব্রহ্মস্বরূপ আমার উপাসনা করেন, সর্ব্বভূতের হিতসাধক সেই সকল ব্যক্তি আমাকেই প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৩-৪

অনুবাদ।—নির্গুণ-ব্রহ্মে আসক্তচিত্ত ব্যক্তিগণের অধিকতর ক্লেশ হইয়া থাকে ; যেহেতু দেহিগণ নির্গুণ ব্রহ্মবিষয়ক নিষ্ঠা নিরতিশয় ক্লেশে লাভ করিয়া থাকে ॥ ৫

যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে ॥ ৬
তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিত-চেতসাম্ ॥ ৭
ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়।
নিবসিষ্যসি ময্যেব অত ঊর্দ্ধ্বং ন সংশয়ঃ ॥ ৮

অন্বয়ঃ।—যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য (সমর্প্য) মৎপরাঃ [ভূত্বা] অনন্যেন এব যোগেন (ভক্তিযোগেন) মাং ধ্যায়ন্তঃ উপাসতে, হে পার্থ! অহং ময়ি আবেশিতচেতসাং তেষাং মৃত্যুসংসারসাগরাৎ (মৃত্যুযুক্তাৎ সংসারসাগরাৎ) ন চিরাৎ (শীঘ্রমেব) সমুদ্ধর্ত্তা ভবামি ॥ ৬-৭

অন্বয়ঃ।—ময়ি এব মনঃ আধৎস্ব (স্থিরীকুরু), ময়ি

অনুবাদ।—যাঁহারা আমাতে সমস্ত কর্ম্ম অর্পণ পূর্ব্বক মৎপরায়ণ হইয়া একান্ত ভক্তিযোগ সহকারে আমার ধ্যান করিতে করিতে উপাসনা করেন, আমি মদর্পিতচিত্ত সেই সকল ব্যক্তিকে অচিরকাল মধ্যেই মৃত্যুযুক্ত সংসার-সমুদ্র হইতে উদ্ধার করি ॥ ৬-৭

অথ চিত্তং সমাধাতুং ন শক্নোষি ময়ি স্থিরম্।
অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তুং ধনঞ্জয় ॥ ৯
অভ্যাসেঽপ্যসমর্থোঽসি মৎকর্ম্মপরমো ভব।
মদর্থমপি কর্ম্মাণি কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্স্যসি ॥ ১০

বুদ্ধিং নিবেশয় [এবং কুর্ব্বন্] অতঃ ঊর্দ্ধং (দেহান্তে) ময়ি এব নিবসিষ্যসি; সংশয়ঃ ন ॥ ৮

অন্বয়ঃ।—হে ধনঞ্জয়! অথ (যদি) ময়ি (ঈশ্বরে) চিত্তং স্থিরং [যথা স্যাৎ তথা] সমাধাতুং (সম্যক্ স্থিরীকর্ত্তুং) ন শক্নোষি, ততঃ অভ্যাসযোগেন মাম্ আপ্তুম্ (প্রাপ্তুম্) ইচ্ছ (যতস্ব) ॥ ৯

অন্বয়ঃ।—[যদি পুনঃ] অভ্যাসেঽপি অসমর্থঃ অসি

অনুবাদ।—আমাতেই মনকে স্থির কর, আমাতেই বুদ্ধি নিবেশ কর, তাহা হইলে দেহান্তে আমাতেই অবস্থান করিবে ; ইহাতে সংশয় নাই ॥ ৮

অনুবাদ।—হে ধনঞ্জয়! যদি আমাতে চিত্ত সমাহিত করিতে না পার, তবে অভ্যাসযোগ দ্বারা আমাকে পাইতে ইচ্ছা কর ॥৯

অনুবাদ।—যদি অভ্যাসযোগেও অসমর্থ হও, তবে

অথৈতদপ্যশক্তোঽসি কর্ত্তুং মদ্‌যোগমাশ্রিতঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্॥ ১১
শ্রেয়ো হি জ্ঞানমভ্যাসাজ্‌জ্ঞানাদ্ধ্যানং বিশিষ্যতে।
ধ্যানাৎ কর্ম্মফলত্যাগস্ত্যাগাচ্ছান্তিরনন্তরম্॥ ১২

[তর্হি] মৎকর্ম্মপরমঃ ভব, মদর্থং কর্ম্মাণি কুর্ব্বন্ অপি সিদ্ধিম্ (মোক্ষম্) অবাপ্স্যসি॥ ১০

অন্বয়ঃ।—অথ (যদি) এতৎ অপি কর্ত্তুম্ অশক্তঃ (অসমর্থঃ) অসি, ততঃ (তর্হি) মদ্‌যোগম্ (মদেকশরণত্বম্) আশ্রিতঃ (আশ্রিতবান্) [সন্], যতাত্মবান্ (সংযতচিত্তঃ) [ভূত্বা] সর্ব্বকর্ম্মফলত্যাগং কুরু॥ ১১

অন্বয়ঃ।—[সম্যক্ জ্ঞানরহিতাৎ] অভ্যাসাৎ জ্ঞানং

মৎপ্রীতিসাধনার্থ কর্ম্মপরায়ণ হও। আমার প্রীতিসাধনার্থ কর্ম্মের অনুষ্ঠান করিলেও তুমি সিদ্ধি লাভ করিতে পারিবে॥ ১০

অনুবাদ।—যদি ইহাতেও অসমর্থ হও, তবে আমার শরণাপন্ন ও সংযতাত্মা হইয়া সর্ব্বকর্ম্মের ফলত্যাগ কর॥ ১১

অনুবাদ।—অভ্যাসযোগ অপেক্ষা জ্ঞান শ্রেষ্ঠ, জ্ঞান

অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃ ক্ষমী ॥ ১৩
সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিতমনোবুদ্ধির্যো মদ্‌ভক্তঃ স মে প্রিয়ঃ ॥১৪

শ্রেয়ঃ, জ্ঞানাৎ ধ্যানং বিশিষ্যতে ; ধ্যানাৎ কর্ম্মফলত্যাগঃ [শ্রেষ্ঠঃ], ত্যাগাৎ [কর্ম্মফলাসক্তিনিবৃত্ত্যা] অনন্তরং শান্তিঃ (সংসারোপশমঃ) [ভবতি ॥ ১২

অন্বয়ঃ।—সর্ব্বভূতানাম্ অদ্বেষ্টা মৈত্রঃ করুণঃ এব চ নির্ম্মমঃ (মমেতি প্রত্যয়হীনঃ) নিরহঙ্কারঃ, [অন্যেন সহ] সমদুঃখসুখঃ, ক্ষমী (ক্ষমাশীলঃ) ; সততং (লাভেঽলাভেচ) সন্তুষ্টঃ (সদা প্রসন্নচিত্তঃ), যোগী (অপ্রমত্তঃ), যতাত্মা (সংযতস্বভাবঃ) দৃঢ়নিশ্চয়ঃ, ময়ি অর্পিতমনোবুদ্ধিঃ [ঈদৃশঃ] যঃ মদ্‌ভক্তঃ, সঃ মে (মম) প্রিয়ঃ ॥ ১৩-১৪

অপেক্ষা ধ্যান শ্রেষ্ঠ ও ধ্যান অপেক্ষা কর্ম্মফলত্যাগ শ্রেষ্ঠ ; এই কর্ম্মফল ত্যাগের পর [আসক্তি নিবৃত্তি হওয়ায়] শান্তিলাভ হইয়া থাকে ॥ ১২

অনুবাদ।—সর্ব্বভূতে যথাক্রমে যাঁহার [উত্তমে]

যস্মান্নোদ্বিজতে লোকো লোকান্নোদ্বিজতে চ যঃ।
হর্ষামর্ষভয়োদ্বেগৈর্ম্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥১৫

অন্বয়ঃ।—যস্মাৎ লোকঃ ন উদ্বিজতে (ভয়শঙ্কয়া সংক্ষোভং ন প্রাপ্নোতি), যশ্চ লোকাৎ ন উদ্বিজতে, হর্ষামর্ষভয়োদ্বেগৈঃ (হর্ষঃ স্বস্য ইষ্টলাভে উৎসাহঃ, অমর্ষঃ পরস্য লাভে অসহনঃ, ভয়ং ত্রাসঃ, উদ্বেগঃ ভয়াদিনিমিত্ত-চিত্তক্ষোভঃ এতৈঃ) মুক্তঃ সঃ মে (মম) প্রিয়ঃ ॥ ১৫

অদ্বেষদৃষ্টি, [সমানে] মৈত্রীভাব ও [অধমে] করুণা আছে এবং যিনি মমত্বহীন ও নিরহঙ্কার, অন্যের সুখ-দুঃখে যিনি তুল্যসুখী বা তুল্যদুঃখী ; যিনি ক্ষমাশীল, সদা সন্তুষ্ট, সমাহিতচিত্ত, সংযতাত্মা, দৃঢ়নিশ্চয় এবং আমাতে মনোবুদ্ধি অর্পণকারী—ঈদৃশ ভক্ত আমার প্রিয় ॥ ১৩-১৪

অনুবাদ।—যাহা হইতে লোকে ভয়ে ক্ষুব্ধ হয় না ও যিনি অন্য হইতে সংক্ষোভ প্রাপ্ত হন না, যিনি হর্ষ অর্থাৎ স্বীয় ইষ্টলাভে উৎসাহ, অমর্ষ অর্থাৎ অন্যের লাভে অসহিষ্ণুতা এবং ভয় ও উদ্বেগ জন্য চিত্তক্ষোভ এইগুলি পরিত্যাগ করিয়াছেন, তাদৃশ ব্যক্তি আমার প্রিয় ॥ ১৫

অনপেক্ষঃ শুচির্দ্দক্ষ উদাসীনো গতব্যথঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ॥১৬
যো ন হৃষ্যতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি।
শুভাশুভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ॥১৭

অন্বয়ঃ।—অনপেক্ষঃ (যদৃচ্ছয়া উপস্থিতেঽপি অর্থে নিস্পৃহঃ) শুচিঃ (বাহ্যাভ্যন্তরশৌচসম্পন্নঃ) দক্ষঃ (অনলসঃ) উদাসীনঃ (পক্ষপাতশূন্যঃ) সর্ব্বারম্ভপরিত্যাগী [এবংবিধঃ] যঃ মদ্ভক্তঃ স মে (মম) প্রিয়ঃ॥ ১৬

অন্বয়ঃ।—যঃ [প্রিয়ং প্রাপ্য] ন হৃষ্যতি, [অপ্রিয়ং প্রাপ্য] ন দ্বেষ্টি; [ইষ্টনাশে] ন শোচতি; [অপ্রাপ্তং] ন কাঙ্ক্ষতি (অভিলষতি), শুভাশুভপরিত্যাগী (পুণ্যপাপত্যাগী) যঃ ভক্তিমান্, স মে (মম) প্রিয়ঃ॥ ১৭

অনুবাদ।—যিনি নিরপেক্ষ (যদৃচ্ছালব্ধ অর্থেও নিস্পৃহ) শুচি, দক্ষ, উদাসীন (পক্ষপাতশূন্য) ব্যথা-বর্জ্জিত ও সর্ব্ববিধ উদ্যম-পরিত্যাগী, এতাদৃশ ভক্ত আমার প্রিয়॥ ১৬

অনুবাদ।—যিনি প্রিয়বস্তু লাভে হৃষ্ট হন না, অপ্রিয় বস্তুতেও বিদ্বেষ করেন না, যিনি ইষ্টনাশে শোক করেন না,

সমঃ শত্রৌ চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ।
শীতোষ্ণসুখদুঃখেষু সমঃ সঙ্গবিবর্জ্জিতঃ ॥ ১৮
তুল্যনিন্দাস্তুতির্ম্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ।
অনিকেতঃ স্থিরমতির্ভক্তিমান্ মে প্রিয়ো নরঃ॥১৯

অন্বয়ঃ।—শত্রৌ মিত্রে চ, তথা মানাপমানয়োঃ সমঃ (একরূপঃ হর্ষবিষাদশূন্য ইত্যর্থঃ) শীতোষ্ণসুখদুঃখেষু [সমঃ] সঙ্গবিবর্জ্জিতঃ (ক্বচিদপি অনাসক্তঃ); তুল্যনিন্দাস্তুতিঃ, মৌনী (সংযতবাক্), যেন কেনচিৎ (যথাপ্রাপ্তেন অর্থেন) সন্তুষ্টঃ, অনিকেতঃ (নিয়তবাস-শূন্যঃ) স্থিরমতিঃ (ব্যবস্থিত-চিত্তঃ) [ঈদৃশঃ] ভক্তিমান্ নরঃ মে (মম) প্রিয়ঃ ॥ ১৮-১৯

অপ্রাপ্ত বস্তুর আকাঙ্ক্ষা করেন না এবং পুণ্য ও পাপ ত্যাগ করিয়াছেন, এতাদৃশ ভক্তিমান্ পুরুষ আমার প্রিয় ॥ ১৭

অনুবাদ।—যাঁহার শত্রু ও মিত্রে তুল্যদৃষ্টি, মান ও অপমানে সমজ্ঞান, শীত, উষ্ণ ও সুখদুঃখে তুল্যবোধ এবং যিনি আসক্তিহীন, এবং নিন্দা ও স্তুতি যাঁহার সমান, যিনি মৌনী, যদৃচ্ছালাভে সন্তুষ্ট, নির্দ্দিষ্ট বাসস্থান যাঁহার নাই, এবং স্থিরমতি, ও ভক্তিমান্—ঈদৃশ ব্যক্তি আমার প্রিয় ॥ ১৮-১৯

যে তু ধর্ম্মামৃতমিদং যথোক্তং পর্য্যুপাসতে।
শ্রদ্দধানা মৎপরমা ভক্তাস্তেঽতীব মে প্রিয়াঃ ॥২০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে ভক্তি-যোগো
নাম দ্বাদশোঽধ্যায়ঃ।

অন্বয়ঃ।—যে তু যথোক্তম্ (উক্তপ্রকারম্) ইদং ধর্ম্মামৃতং পর্য্যুপাসতে (অনুতিষ্ঠন্তি), শ্রদ্দধানাঃ (শ্রদ্ধাং কুর্ব্বন্তঃ), মৎপরমাঃ (মৎপরায়ণাঃ) তে ভক্তাঃ (মদ্ভক্তাঃ) মে (মম) অতীব প্রিয়াঃ ॥ ২০

অনুবাদ।—যাঁহারা শ্রদ্ধাসমন্বিত ও মৎপরায়ণ হইয়া মৎকথিত অমৃতত্বসাধক ধর্ম্মের অনুষ্ঠান করেন, সেই ভক্তগণ আমার অতীব প্রিয় ॥ ২০

ইতি ভক্তিযোগ।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

[প্রকৃতিং পুরুষঞ্চৈব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেব চ।
এতদ্‌বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ঞ্চ কেশব॥]

শ্রীভগবানুবাচ।

ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে।
এতদ্‌যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ॥১

অন্বয়ঃ।—অর্জ্জুনঃ উবাচ।—হে কেশব! প্রকৃতিং পুরুষং চ এব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞঞ্চ এব, জ্ঞানং জ্ঞেয়ঞ্চ এব—এতৎ বেদিতুম্ ইচ্ছামি॥ শ্রীভগবান্ উবাচ—হে কৌন্তেয়! ইদং (ভোগায়তনং) শরীরং [সংসারস্য প্ররোহভূমিত্বাৎ] "ক্ষেত্রম্" ইতি অভিধীয়তে (কথ্যতে); যঃ এতদ্বেত্তি (অহং মম ইতি মন্যতে), তদ্বিদঃ (ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিবেকজ্ঞাঃ) [কৃষীবলবত্তৎফলভোক্তৃত্বাৎ] "ক্ষেত্রজ্ঞ" ইতি প্রাহুঃ॥ ১

অনুবাদ।—অর্জ্জুন কহিলেন।—হে কেশব! প্রকৃতি, পুরুষ, ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ, জ্ঞান ও জ্ঞেয় জানিতে ইচ্ছা করি। শ্রীভগবান্ কহিলেন,—হে কৌন্তেয়! এই দেহকে "ক্ষেত্র"

ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্‌জ্ঞানং মতং মম ॥ ২
তৎ ক্ষেত্রং যচ্চ যাদৃক্‌ চ যদ্‌বিকারি যতশ্চ যৎ।
স চ যো যৎপ্রভাবশ্চ তৎ সমাসেন মে শৃণু ॥ ৩

অন্বয়ঃ।—হে ভারত! সর্ব্বক্ষেত্রেষু অপি [অনুগতং] মাং চ ক্ষেত্রজ্ঞং (সংসারিণং জীবং) বিদ্ধি ; ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ যৎ [বৈলক্ষণ্যেন] জ্ঞানং, তৎ [মোক্ষহেতুত্বাৎ] জ্ঞানং [ইতি] মম মতম্ (অভিমতম্) ॥ ২

অন্বয়ঃ।—তৎ ক্ষেত্রং [স্বরূপতঃ] যৎ, যাদৃক্‌চ (ইচ্ছাদি-ধর্ম্মকম্), যদ্বিকারি (যৈঃ ইন্দ্রিয়াদিবিকারৈঃ যুক্তং),

---

বলা যায় ; যিনি ইহাকে জানেন ; ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ-বিবেকিগণ তাঁহাকে ক্ষেত্রজ্ঞ বলিয়া থাকেন ॥ ১

অনুবাদ।—হে ভারত! সর্ব্বক্ষেত্রে অনুপ্রবিষ্ট আমাকে ক্ষেত্রজ্ঞ বলিয়া জানিবে। ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ—এতদুভয়ের পৃথক্‌ পৃথক্‌ জ্ঞানই (মোক্ষ সাধক বলিয়া) আমার মতে প্রকৃত জ্ঞান বলিয়া জানিবে ॥ ২

অনুবাদ।—সেই ক্ষেত্র (দেহ) [স্বরূপতঃ] যাহা,

ঋষিভির্বহুধা গীতং ছন্দোভির্বিবিধৈঃ পৃথক্।
ব্রহ্মসূত্রপদৈশ্চৈব হেতুমদ্ভির্বিনিশ্চিতৈঃ ॥ ৪

যতশ্চ (প্রকৃতি-পুরুষসংযোগাৎ) [ভবতি], যচ্চ (যৈঃ প্রকারৈঃ স্থাবরজঙ্গমাদিভেদৈঃ ভিন্নং,) স চ (ক্ষেত্রজ্ঞঃ) [স্বরূপতঃ] যঃ যৎপ্রভাবঃ (অচিন্ত্যৈশ্বর্য্যযোগেন যৈঃ প্রভাবৈঃ সম্পন্নঃ) তৎ [সর্ব্বমেব] সমাসেন (সংক্ষেপতঃ) মে (মৎসকাশাৎ) শৃণু (অবগচ্ছ) ॥ ৩

অন্বয়ঃ।—[যৎ] ঋষিভিঃ (বশিষ্ঠাদিভিঃ) বহুধা গীতং (নিরূপিতং), ব্রহ্মসূত্রপদৈশ্চ (বহুধা গীতম্) ; হেতুমদ্ভিঃ

যাদৃশ (ইচ্ছাদি ধর্ম্মী) ; যদ্‌বিকারি অর্থাৎ যেরূপ ইন্দ্রিয়াদি বিকারযুক্ত, যাহা হইতে অর্থাৎ প্রকৃতি পুরুষ সংযোগ হইতে জাত এবং যাহা অর্থাৎ স্থাবর-জঙ্গমাদিভেদে যেরূপ বিভিন্ন-রূপে প্রতীয়মান এবং সেই ক্ষেত্রজ্ঞ স্বরূপতঃ যাহা এবং যেরূপ অচিন্ত্য ঐশ্বর্য্যযোগে প্রভাবশালী, তাহা সংক্ষেপে আমার নিকট শ্রবণ কর ॥ ৩

অনুবাদ।—যাহা বশিষ্ঠাদি ঋষিগণ নানা প্রকারে নিরূপণ করিয়াছেন, ব্রহ্মসূত্র অর্থাৎ ব্রহ্মনিরূপক শ্রুতিবাক্য এবং ব্রহ্মপদ অর্থাৎ যদ্দ্বারা ব্রহ্মকে সাক্ষাৎ জ্ঞাত হওয়া যায়

মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ।
ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ ॥৫
ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সঙ্ঘাতশ্চেতনা ধৃতিঃ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারমুদাহৃতম্ ॥ ৬

বিনিশ্চিতৈঃ (অসন্দিগ্ধার্থপ্রতিপাদকৈঃ) বিবিধৈঃ (বিচিত্রৈঃ নিত্যনৈমিত্তিক কাম্যকর্ম্মাদিবিষয়ৈঃ) ছন্দোভিঃ (বেদৈঃ) পৃথক্ (নানাপূজনীয়দেবতারূপেণ) [বহুধা গীতং], [তৎ সর্ব্বমেব সংক্ষেপতঃ তুভ্যং কথয়িষ্যামি] ॥ ৪

অন্বয়ঃ।—মহাভূতানি (ভূম্যাদীনি পঞ্চ), [তৎকারণ-ভূতঃ] অহঙ্কারঃ, বুদ্ধিঃ, অব্যক্তং (মূলপ্রকৃতিঃ) এব,

---

ইত্যাদি স্বরূপ-লক্ষণ-বিষয়ক শ্রুতিবাক্য দ্বারা তাঁহারা যাহা নানা রূপে নির্ণয় করিয়াছেন, এবং যুক্তিযুক্ত ও অসন্দিগ্ধ অর্থের প্রতিপাদক বিবিধ নিত্য-নৈমিত্তিকাদি কর্ম্ম বিষয়ক বেদবাক্য দ্বারা পৃথক্ পৃথক্ রূপে [নানা পূজনীয় দেবতারূপে] নিরূপণ করিয়াছেন [নিতান্ত দুর্গ্রহ হইলেও] তৎসমুদয় সংক্ষেপে বলিতেছি] ॥ ৪

অনুবাদ।—পঞ্চ মহাভূত, (ক্ষিতি, অপ্, তেজঃ,

অমানিত্বমদম্ভিত্বমহিংসা ক্ষান্তিরার্জবম্।
আচার্য্যোপাসনং শৌচং স্থৈর্য্যমাত্মবিনিগ্রহঃ ॥৭

ইন্দ্রিয়াণি দশ, একং (মনঃ) চ, ইন্দ্রিয়গোচরাশ্চ পঞ্চ (তন্মাত্ররূপা এব শব্দাদয়ঃ; তদেবং চতুর্ব্বিংশতি তত্ত্বানি উক্তানি) ইচ্ছা, দ্বেষঃ, সুখং, দুঃখং সংঘাতঃ (শরীরং), চেতনা (জ্ঞানাত্মিকা মনোবৃত্তিঃ), ধৃতিঃ (ধৈর্য্যং), এতৎ সবিকারং (ইন্দ্রিয়াদিবিকারসংহিতং) ক্ষেত্রং সমাসেন (সংক্ষেপতঃ) উদাহৃতম্ (কথিতম্) [ইতি ক্ষেত্রোপসংহারঃ] ॥ ৫।৬

অন্বয়ঃ।—অমানিত্বম্ (স্বগুণশ্লাঘারাহিত্যম্) অদম্ভিত্বম্ (দম্ভরাহিত্যম্) অহিংসা (পরপীড়াবর্জ্জনং) ক্ষান্তিঃ

মরুৎ ব্যোম) [তাহাদের কারণস্বরূপ] অহঙ্কার, বুদ্ধি, অব্যক্ত, (মূল প্রকৃতি), শ্রোত্রাদি দশ ইন্দ্রিয়, মনঃ, শ্রোত্রাদির পঞ্চ বিষয়, (রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ এই চতুর্ব্বিংশতি-তত্ত্ব)। ইচ্ছা, দ্বেষঃ সুখ, দুঃখ, সংঘাত (দেহ), চেতনা (জ্ঞানাত্মিকা মনোবৃত্তি) ও ধৃতি—এই সকল ইন্দ্রিয়াদি বিকারের সহিত ক্ষেত্র সংক্ষেপে কহিলাম ॥ ৫।৬

অনুবাদ।—আত্মশ্লাঘাহীনতা, অদাম্ভিকতা, অহিংসা,

ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যমনহঙ্কার এব চ।
জন্মমৃত্যুজরাব্যাধিদুঃখদোষানুদর্শনম্ ॥ ৮
অসক্তিরনভিষ্বঙ্গঃ পুত্রদারগৃহাদিষু।
নিত্যঞ্চ সমচিত্তত্বমিষ্টানিষ্টোপপত্তিষু ॥ ৯

(সহিষ্ণুতা), আর্জ্জবম্ (অবক্রতা) আচার্য্যোপাসনং (সদ্‌গুরুসেবনং) [বাহ্যম্ আভ্যন্তরঞ্চ] শৌচং, (শুচিতা), স্থৈর্য্যং (সন্মার্গপ্রবৃত্তস্য তদেকনিষ্ঠা), আত্মবিনিগ্রহঃ (শরীরসংযমঃ); ইন্দ্রিয়ার্থেষু (বিষয়াদিষু) বৈরাগ্যম্, অনহঙ্কার এব চ, জন্মমৃত্যুজরাব্যাধি-দুঃখদোষানুদর্শনম্ (জন্মাদিষু দুঃখদোষয়োরনুদর্শনং পুনঃ পুন-রালোচনম্) পুত্রদার-গৃহাদিষু অসক্তিঃ (প্রীতিত্যাগঃ), অনভিষ্বঙ্গশ্চ (পুত্রাদীনাং সুখে দুঃখে বা অহমেব সুখী দুঃখী বা ইতি অধ্যাসাতিরেকাভাবঃ) ইষ্টানিষ্টোপপত্তিষু (ইষ্টানিষ্টপ্রাপ্তিষু) নিত্যত্বং সমচিত্তত্বং (হর্ষবিষাদশূন্যতা); ময়ি চ অনন্য-যোগেন (সর্ব্বাত্মদৃষ্ট্যা) অব্যভিচারিণী (একান্তা) ভক্তিঃ,

---

ক্ষমা, সরলতা, গুরুসেবা, সর্ব্ববিধ শৌচ, সৎকার্য্যে দৃঢ়তা এবং আত্মনিগ্রহ; বিষয়বৈরাগ্য, অহঙ্কারশূন্যতা এবং জন্ম,

ময়ি চানন্যযোগেন ভক্তিরব্যভিচারিণী।
বিবিক্তদেশসেবিত্বমরতির্জ্জনসংসদি ॥ ১০
অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনম্।
এতজ্‌জ্ঞানমিতি প্রোক্তমজ্ঞানং যদতোঽন্যথা ॥ ১১

বিবিক্তদেশসেবিত্বং (নির্জ্জনস্থানসেবনং) জনসংসদি (প্রাকৃতানাং জনানাং সভায়াম্) অরতিঃ (রত্যভাবঃ) ; অধ্যাত্মজ্ঞাননিত্যত্বম্ (আত্মানম্ অধিকৃত্য প্রবৃত্তং জ্ঞানম্ অধ্যাত্মং, তস্মিন্ আত্মানাত্মবিবেকজ্ঞানে নিত্যত্বং) তত্ত্বজ্ঞানার্থদর্শনম্ (তত্ত্বজ্ঞানস্য অর্থঃ প্রয়োজনং মোক্ষঃ তস্য দর্শনং—মোক্ষস্য সর্ব্বোৎকৃষ্টতালোচনমিত্যর্থঃ) এতৎ (অমানিত্বমিত্যাদি বিংশতিসংখ্যকং) জ্ঞানম্ ইতি প্রোক্তম্ ; যৎ অতঃ অন্যথা (অস্মাদ্‌বিপরীতং) তৎ অজ্ঞানম্ ॥ ৭-১১

মৃত্যু, জরা ও ব্যাধিতে দুঃখ ও দোষের পুনঃ পুনঃ আলোচনা; পুত্র, স্ত্রী, গৃহাদি পদার্থে অনাসক্তি, পুত্রাদির সুখদুঃখে আপনাকে সুখী বা দুঃখী মনে না করা, এবং ইষ্টানিষ্টলাভে সর্ব্বদা সমচিত্ততা ; আমাতে অনন্যযোগ অর্থাৎ সর্ব্বভূতে আত্মদৃষ্টি দ্বারা অব্যভিচারিণী ভক্তি, চিত্তপ্রসাদকর নির্জ্জন

জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামি যজ্‌জ্ঞাত্বামৃতমশ্নুতে।
অনাদিমৎ পরং ব্রহ্ম ন সত্তন্নাসদুচ্যতে॥ ১২
সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি॥ ১৩

অন্বয়ঃ।—যৎ জ্ঞেয়ং তৎ প্রবক্ষ্যামি (কথয়িষ্যামি); যৎ (জ্ঞেয়ং বস্তু) জ্ঞাত্বা অমৃতম্ (মোক্ষম্) অশ্নুতে (প্রাপ্নোতি) তৎ অনাদিমৎ (ন আদিমৎ) পরং (নিরতিশয়ং) ব্রহ্ম; [তৎ বস্তু] ন সৎ ন অসৎ উচ্যতে॥ ১২

অন্বয়ঃ।—তৎ সর্ব্বতঃ পাণিপাদং সর্ব্বতঃ অক্ষিশিরো-

স্থানে বাস ও সাধারণ লোকের সহবাসে অপ্রীতি; অধ্যাত্ম-জ্ঞান-নিষ্ঠা, তত্ত্বজ্ঞানের অর্থ (মোক্ষ) সম্বন্ধে আলোচনা —এই অমানিত্বাদি কুড়িটি বিষয় [জ্ঞানসাধক বলিয়া] জ্ঞানরূপে অভিহিত হইয়া থাকে; এবং যাহা এই গুলির বিপরীত তাহা অজ্ঞান বলিয়া গণনীয়॥ ৭-১১

অনুবাদ।—এক্ষণে মুমুক্ষুদিগের যাহা জ্ঞেয়, তাহা তোমাকে বলিতেছি। যাহা জানিলে অমৃতত্বলাভ করা যায়; তাহা উৎপত্তিবিহীন, পরব্রহ্ম, তাহা সৎও নহে—অসৎও নহে [বিধি ও নিষেধ মুখে প্রমাণের অতীত]॥১২

সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতম্।
অসক্তং সর্ব্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ ॥১৪
বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।
সূক্ষ্মত্বাৎ তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ ॥১৫

মুখং, সর্ব্বতঃ শ্রুতিমৎ (শ্রবণেন্দ্রিয়ৈঃ যুক্তং) [সৎ] লোকে (ব্রহ্মাণ্ডে) সর্ব্বম্ আবৃত্য (আচ্ছাদ্য) তিষ্ঠতি (বর্ত্ততে) ॥ ১৩

অন্বয়ঃ।—সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং, সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতং, অসক্তং (সত্ত্বাদিগুণরহিতং) চ, [অথচ] গুণভোক্তৃ (গুণানাং সত্ত্বাদীনাং ভোক্তৃ পালকং) চ ॥ ১৪

অন্বয়ঃ।—তৎ (জ্ঞেয়ং বস্তু) ভূতানাং বহিশ্চ অন্তশ্চ

অনুবাদ।—সেই বস্তুটি সর্ব্বত্র হস্তপদবিশিষ্ট, সর্ব্বত্র নেত্র মস্তক ও মুখ বিশিষ্ট, সর্ব্বত্র শ্রবণেন্দ্রিয়বিশিষ্ট এবং ব্রহ্মাণ্ডে সর্ব্বত্র ব্যাপিয়া অবস্থিত আছেন ॥ ১৩

অনুবাদ—তিনি সমুদয় ইন্দ্রিয়গণের বৃত্তিতে রূপাদি আকারে প্রকাশমান অথচ স্বয়ং সর্ব্বেন্দ্রিয়-বিবর্জ্জিত; নিঃসঙ্গ অথচ সর্ব্বপদার্থের আধারস্বরূপ; স্বয়ং নির্গুণ অথচ সত্ত্বাদিগুণের পালক ॥ ১৪

অবিভক্তঞ্চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতম্।
ভূতভর্ত্তৃ চ তজ্‌জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ॥ ১৬

[বর্ত্ততে] অচরং (স্থাবরং) চরঞ্চ (জঙ্গমঞ্চ) এব; সূক্ষ্মত্বাৎ (রূপহীনত্বৎ) তৎ অবিজ্ঞেয়ং (ইয়ত্তয়া জ্ঞাতুমশক্যম্); [অবিদুষাঞ্চ] দূরস্থং, [বিদুষাং পুনঃ] অন্তিকে (সমীপে) [নিত্যসন্নিহিতম্] চ [বিরাজতে]॥ ১৫

অন্বয়ঃ।—[তৎ জ্ঞেয়ং বস্তু] ভূতেষু চ [কারণাত্মনা] অবিভক্তং [কার্য্যাত্মনা] বিভক্তঞ্চ ইব স্থিতম্; [স্থিতিকালে] ভূতভর্ত্তৃ, (ভূতপোষকম্); [প্রলয়কালে] গ্রসিষ্ণু (গ্রসনশীলং); [সৃষ্টিকালে] প্রভবিষ্ণুচ (প্রভবনশীলম্)॥ ১৬

অনুবাদ।—সেই জ্ঞেয় বস্তুটি সর্ব্বভূতের বাহিরে ও অন্তরে অবস্থিত আছেন, স্থাবর ও জঙ্গম তিনি; অতি সূক্ষ্ম বলিয়া অতি অবিজ্ঞেয়, [অজ্ঞদিগের সম্বন্ধে) দূর হইতেও দূরে এবং [জ্ঞানীদিগের সম্বন্ধে] অতি নিকট হইতেও নিকটে বিরাজ করিতেছেন॥ ১৫

অনুবাদ।—তিনি সর্ব্বভূতে (কারণরূপে) অভিন্ন এবং (কার্য্যরূপে) ভিন্নভাবে প্রতীয়মান; তিনি (সৃষ্টিকালে) ভূত-সকলের উৎপাদক, (স্থিতিকালে) পালক ও (প্রলয়কালে) সংহারক॥ ১৬

জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতম্ ॥১৭
ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ।
মদ্ভক্ত এতদ্‌বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে ॥ ১৮

অন্বয়ঃ।—তৎ জ্যোতিষাম্ (সূর্য্যাদীনাম্) অপি জ্যোতিঃ, [অতএব] তমসঃ [অজ্ঞানাৎ] পরম্ (তেন অসংস্পৃষ্টম্) উচ্যতে। [তদেব] জ্ঞানং (বুদ্ধিবৃত্তৌ রূপাদ্যাকারেণ অভিব্যক্তং) [তদেব] জ্ঞেয়ং (জ্ঞাতব্যং) জ্ঞানগম্যঞ্চ (জ্ঞান-সাধনেন প্রাপ্যং চ), সর্ব্বস্য (প্রাণিজাতস্য) হৃদি বিষ্ঠিতং (নিয়ন্তৃতয়া অধিষ্ঠিতম্) ॥ ১৭

অন্বয়ঃ।—ইতি (এবং) ক্ষেত্রং (মহাভূতাদি-ধৃত্যন্তং), তথা জ্ঞানং (অমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনমিত্যন্তং), জ্ঞেয়ঞ্চ (অনাদিমৎ পরং ব্রহ্মেত্যাদি বিষ্ঠিতমিত্যন্তং), সমাসতঃ

অনুবাদ।—তিনি সূর্য্যাদি জ্যোতিষ্কগণের জ্যোতিঃ-স্বরূপ (অতএব) তিনি অজ্ঞানরূপ অন্ধকারের অতীত; তিনিই জ্ঞান, তিনিই জ্ঞেয়, জ্ঞানগম্য এবং সকলের হৃদয়ে নিয়ন্তৃরূপে অধিষ্ঠিত আছেন ॥ ১৭

অনুবাদ।—এইরূপে তোমার নিকট ক্ষেত্র, জ্ঞান, জ্ঞেয়

প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।
বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্ ॥১৯
কার্য্যকারণ-কর্ত্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে।
পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে ॥ ২০

(সংক্ষেপেণ) উক্তম্। মদ্ভক্তঃ এতদ্‌বিজ্ঞায় মদ্ভাবায় (ব্রহ্মত্বায়) উপপদ্যতে (যুজ্যতে) ॥ ১৮

অন্বয়ঃ।—প্রকৃতিং পুরুষঞ্চ, উভৌ এব, অনাদী বিদ্ধি; বিকারাংশ্চ (দেহেন্দ্রিয়াদীন্) গুণান্ (গুণপরিণামান্ সুখ-দুঃখমোহাদীন্) চ এব প্রকৃতিসম্ভবান্ বিদ্ধি (জানীহি) ॥১৯

অন্বয়ঃ।—কার্য্যকারণকর্ত্তৃত্বে (কার্য্যং শরীরং, কারণানি ইন্দ্রিয়াণি, তেষাং কর্ত্তৃত্বে, তদাকার-পরিণামে), প্রকৃতিঃ

এই তিনটির বিষয় সংক্ষেপে কহিলাম; আমার ভক্ত ইহা-জানিয়া আমার ভাব (ব্রহ্মত্ব) প্রাপ্তির যোগ্য হন ॥ ১৮

অনুবাদ।—প্রকৃতি ও পুরুষ উভয়ই অনাদি বলিয়া জানিবে। [দেহেন্দ্রিয়াদি] বিকার-সমূহ ও [সুখদুঃখাদি] গুণপরিণাম—এ গুলিকে প্রকৃতি হইতে উৎপন্ন জানিবে ॥১৯

অনুবাদ।—কার্য্য (দেহ) ও কারণ (ইন্দ্রিয়গণ);

পুরুষঃ প্রকৃতিস্থো হি ভুঙ্‌ক্তে প্রকৃতিজান্ গুণান্।
কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্‌যোনিজন্মসু ॥ ২১

হেতুঃ উচ্যতে, পুরুষঃ (জীবঃ) সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুঃ উচ্যতে (কথ্যতে) ॥ ২০

অন্বয়ঃ।—হি (যতঃ) পুরুষঃ প্রকৃতিস্থঃ (প্রকৃতি-কার্য্যে দেহে তাদাত্ম্যেন স্থিতঃ), [অতঃ] প্রকৃতিজান্ (প্রকৃতিসম্ভূতান্) গুণান্ (তজ্জনিতান্ সুখদুঃখাদীন্) ভুঙ্‌ক্তে; অস্য চ (পুরুষস্য) সদসদ্‌যোনিজন্মসু (দেব-মানব-তির্য্যগ-যোনি-জন্মসু) গুণসঙ্গঃ (গুণৈঃ শুভাশুভ-কর্ম্মকারিভিঃ ইন্দ্রিয়ৈঃ সঙ্গঃ) কারণম্ ॥ ২১

ইহাদের কর্ত্তৃত্ব সম্বন্ধে প্রকৃতিই হেতু, আর পুরুষ সুখদুঃখের ভোক্তৃত্ব সম্বন্ধে হেতু বলিয়া অভিহিত হন ॥ ২০

অনুবাদ।—যেহেতু পুরুষ প্রকৃতি-কার্য্য এই দেহে তাদাত্ম্যরূপে অবস্থিত; এজন্য প্রকৃতিজাত গুণ সুখদুঃখাদি ভোগ করেন; পরন্তু পুরুষের সৎ (দেবাদি) অসৎ (পশ্বাদি) যোনিতে যে জন্ম হয়, তদ্‌বিষয়ে শুভাশুভ-কর্ম্মকারী ইন্দ্রিয়গণের সঙ্গই কারণ ॥ ২১

উপদ্রষ্টানুমন্তা চ ভর্ত্তা ভোক্তা মহেশ্বরঃ।
পরমাত্মেতি চাপ্যুক্তো দেহেঽস্মিন্ পুরুষঃ পরঃ॥২২
য এবং বেত্তি পুরুষং প্রকৃতিঞ্চ গুণৈঃ সহ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি ন স ভূয়োঽভিজায়তে॥২৩

অন্বয়ঃ।—অস্মিন্ (প্রকৃতিকার্য্যে) দেহে [বর্ত্তমানঃ অপি] পুরুষঃ পরঃ (ভিন্নঃ); [যস্মাৎ] উপদ্রষ্টা)পৃথকগ্ভূত এব সমীপে স্থিত্বা দ্রষ্টা), [তথা] অনুমন্তা (সন্নিধিমাত্রেণ অনুগ্রাহকঃ) চ, [ঐশ্বরেণ রূপেণ] ভর্ত্তা (বিধায়কঃ), ভোক্তা (পালকঃ), মহেশ্বরঃ (ব্রহ্মাদীনামপি পতিঃ), পরমাত্মা (অন্তর্য্যামী) চ ইতি অপি উক্তঃ॥ ২২

অন্বয়ঃ।—যঃ এবং পুরুষং [তথা] গুণৈঃ (সুখদুঃখাদি-পরিণামৈঃ) সহ প্রকৃতিঞ্চ বেত্তি (বিজানাতি), সঃ সর্ব্বথা

অনুবাদ।—পুরুষ প্রকৃতিতে অবস্থিত হইয়াও প্রকৃতি হইতে ভিন্ন; কারণ, তিনি উপদ্রষ্টা (সাক্ষী) অনুমন্তা (নিকটে থাকিয়া অনুগ্রাহক),[ঐশ্বরিক রূপে] ভর্ত্তা (ভরণ কর্ত্তা) ভোক্তা (পালক) মহেশ্বর অর্থাৎ সকলেরই ঈশ্বর এবং পরমাত্মা (অন্তর্য্যামী) বলিয়া অভিহিত॥ ২২

অনুবাদ।—যিনি, এইরূপে পুরুষকে এবং বিকারাদি

ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাঙ্খ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে ॥২৪
অন্যে ত্বেবমজানন্তঃ শ্রুত্বান্যেভ্য উপাসতে।
তেঽপি চাতিতরন্ত্যেব মৃত্যুং শ্রুতিপরায়ণাঃ॥২৫

(বিধিমভিলঙ্ঘ্য) বর্ত্তমানঃ অপি ভূয়ঃ (পুনঃ) ন অভি-জায়তে [পরন্তু মুচ্যতে এব] ॥ ২৩

অন্বয়ঃ।—কেচিৎ ধ্যানেন আত্মনি (দেহে এব) আত্মনা (মনসা) আত্মানং পশ্যন্তি ; অন্যে সাঙ্খ্যেন (প্রকৃতিপুরুষবৈলক্ষণ্যালোচনেন) ; [অন্যেচ] যোগেন (অষ্টাঙ্গেন) ; অপরে চ কর্ম্মযোগেন (পশ্যন্তি) ॥ ২৪

অন্বয়ঃ।—অন্যে তু এবং (সাঙ্খ্যযোগাদিমার্গেণ আত্মানং

গুণ সহিত প্রকৃতিকে অবগত আছেন, তিনি যে কোন অবস্থায় (বিধি লঙ্ঘন করিয়াও) বর্ত্তমান থাকিলেও পুনর্জ্জন্ম লাভ করেন না ॥ ২৩

অনুবাদ।—কেহ ধ্যান যোগে এই দেহেই মনদ্বারা আত্মাকে দর্শন করেন,কেহ বা প্রকৃতিপুরুষবৈলক্ষণ্যালোচন রূপ সাংখ্যযোগ দ্বারা এবং কেহ বা অষ্টাঙ্গ যোগ দ্বারা আর কেহ বা কর্ম্মযোগ দ্বারা আত্মাকে দর্শন করেন ॥ ২৪

যাবৎ সঞ্জায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবরজঙ্গমম্।

ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাত্তদ্‌বিদ্ধি ভরতর্ষভ ॥ ২৬

সাক্ষাৎ কর্ত্তুম্) অজানন্তঃ অন্যেভ্যঃ (আচার্য্যেভ্যঃ) [উপদেশতঃ] শ্রুত্বা উপাসতে (ধ্যায়ন্তি), তেঽপি-শ্রুতিপরায়ণাঃ (উপদেশশ্রবণপরায়ণাঃ) [সন্তঃ] মৃত্যুম্ (সংসারম্) অতিতরন্তি (অতিক্রামন্তি) এব ॥ ২৫

অন্বয়ঃ।—হে ভরতর্ষভ! যাবৎ কিঞ্চিৎ স্থাবরজঙ্গমং সত্ত্বং (যৎকিঞ্চিৎ বস্তুমাত্রং), সংজায়তে (উৎপদ্যতে) তৎ (সর্ব্বং) ক্ষেত্রক্ষেত্রজ্ঞ সংযোগাৎ বিদ্ধি (জানীহি) ॥ ২৬

অনুবাদ।—কেহ কেহ বা এইরূপে ধ্যানাদি দ্বারা আত্মাকে দর্শন করিতে না জানায়, আচার্য্যের নিকট উপদেশ ক্রমে শুনিয়া উপাসনা করেন; তাঁহারাও আচার্য্যের উপদেশ শ্রবণ-পরায়ণ হইয়া মৃত্যু (সংসার) অতিক্রম করেন ॥ ২৫

অনুবাদ।—হে ভরতর্ষভ! জগতে যে কিছু স্থাবর জঙ্গম পদার্থ উৎপন্ন হয়, সমস্তই ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের সংযোগে উৎপন্ন হইয়া থাকে জানিবে ॥ ২৬

সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্।
বিনশ্যৎস্ববিনশ্যন্তং যঃ পশ্যতি স পশ্যতি॥ ২৭

সমং পশ্যন্ হি সর্ব্বত্র সমবস্থিতমীশ্বরম্।
ন হিনস্ত্যাত্মনাত্মানং ততো যাতি পরাং গতিম্॥২৮

অন্বয়ঃ।—সর্ব্বেষু ভূতেষু সমং (নির্ব্বিশেষস্বরূপেণ যথা তথা) তিষ্ঠন্তং (অবতিষ্ঠমানং) বিনশ্যৎসু (বিনাশশীলেষু) [অপি] অবিনশ্যন্তং পরমেশ্বরং (পরমাত্মানম্) যঃ পশ্যতি, সঃ [সম্যক্] পশ্যতি॥২৭

অন্বয়ঃ।—সর্ব্বত্র সমং সমবস্থিতম্ ঈশ্বরং (পরমাত্মানং) পশ্যন্ আত্মনা [সচ্চিদানন্দরূপম্] আত্মানং ন হিনস্তি (ন তিরস্কৃত্য বিনাশয়তি) ততঃ পরাং (শ্রেষ্ঠাং) গতিং (মোক্ষং) যাতি (প্রাপ্নোতি)॥ ২৮

অনুবাদ।—যিনি সর্ব্বভূতে সমভাবে অবস্থিত এবং বিনাশধর্ম্মশীল পদার্থ-সমূহে থাকিয়াও স্বয়ং অবিনাশী পরমাত্মাকে দর্শন করেন, তিনিই প্রকৃত প্রস্তাবে দ্রষ্টা॥ ২৭

অনুবাদ।—সর্ব্বভূতে সমভাবে অবস্থিত পরমাত্মাকে যিনি দর্শন করেন, তিনি আত্মা দ্বারা (আপন অবিদ্যা

প্রকৃত্যৈব চ কর্ম্মাণি ক্রিয়মাণানি সর্ব্বশঃ।
যঃ পশ্যতি তথাত্মানমকর্ত্তারং স পশ্যতি॥ ২৯
যদা ভূতপৃথগ্‌ভাবমেকস্থমনুপশ্যতি।
তত এব চ বিস্তারং ব্রহ্ম সম্পদ্যতে তদা॥ ৩০

অন্বয়ঃ।—যশ্চ কর্ম্মাণি প্রকৃত্যা এব সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারৈঃ) ক্রিয়মাণানি, তথা আত্মানম্ অকর্ত্তারং (নিষ্ক্রিয়ং) পশ্যতি সঃ [সম্যক্] পশ্যতি॥ ২৯

অন্বয়ঃ।—যদা ভূতপৃথগ্‌ভাবম্ (ভূতানাং স্থাবরজঙ্গমানাং পৃথক্‌ত্বম্) একস্থম্ (একস্যামেব ঈশ্বরশক্তিরূপায়াং প্রকৃতৌ প্রলয়কালে স্থিতম্) অনুপশ্যতি (আলোচয়তি)

দ্বারা) আত্মাকে বিনষ্ট করেন না; অর্থাৎ অবিদ্যা দ্বারা পরমাত্মাকে আচ্ছাদিত করেন না; এজন্য তিনি পরমা গতি (মোক্ষ) প্রাপ্ত হন॥ ২৮

অনুবাদ।—প্রকৃতিই সমস্ত কার্য্য নির্ব্বাহ করিয়া থাকেন; এবং আত্মা অকর্ত্তা; যিনি [জ্ঞানচক্ষু দ্বারা] এই তত্ত্ব আলোচনা করেন, তিনিই সম্যগ্‌দর্শী॥ ২৯

অনুবাদ।—যখন [আত্মদর্শী] ভূতগণের পৃথক্ পৃথক্

অনাদিত্বান্নির্গুণত্বাৎ পরমাত্মায়মব্যয়ঃ।
শরীরস্থোঽপি কৌন্তেয় ন করোতি
ন লিপ্যতে ॥ ৩১

[সৃষ্টিকালে চ] তত এব (তস্যা এব প্রকৃত্যাঃ) [ভূতানাং] বিস্তারং [অনুপশ্যতি], তদা [সঃ অভেদদর্শী] ব্রহ্ম সম্পদ্যতে (ব্রহ্মৈব ভবতি) ॥ ৩০

অন্বয়ঃ।—হে কৌন্তেয়! অনাদিত্বাৎ নির্গুণত্বাৎ অয়ং পরমাত্মা অব্যয়ঃ (অবিকারী); [তস্মাৎ] শরীরস্থোঽপি (দেহে বর্ত্তমানোঽপি) ন করোতি, [কর্ম্মফলৈঃ] ন লিপ্যতে (সংসক্তো ভবতি) ॥ ৩১

ভাব একমাত্র আত্মার শক্তিরূপা প্রকৃতিতে অবস্থিত এবং প্রকৃতি হইতেই [সৃষ্টিকালে] ভূত সকলের বিস্তার দর্শন করেন, তখন তিনি ব্রহ্মত্ব প্রাপ্ত হন ॥ ৩০

অনুবাদ।—হে কৌন্তেয়! অনাদি ও নির্গুণ বলিয়া এই পরমাত্মা অব্যয় (বিকারহীন); ইনি দেহস্থ হইয়াও কিছুই করেন না; সুতরাং কর্ম্মফলে লিপ্ত হন না ॥ ৩১

যথা সর্ব্বগতং সৌক্ষ্ম্যাদাকাশং নোপলিপ্যতে।
সর্ব্বত্রাবস্থিতো দেহে তথাত্মা নোপলিপ্যতে॥৩২
যথা প্রকাশয়ত্যেকঃ কৃৎস্নং লোকমিমং রবিঃ।
ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্নং প্রকাশয়তি ভারত॥৩৩

অন্বয়ঃ।—যথা সর্ব্বগতং (পঙ্কাদিষু অপি স্থিতং) আকাশং সৌক্ষ্ম্যাৎ (সূক্ষ্মত্বাৎ) [পঙ্কাদিভিঃ] ন উপলিপ্যতে, তথা সর্ব্বত্র (উত্তমে অধমে মধ্যমে বা) দেহে (কলেবরে) অবস্থিতঃ [অপি] আত্মা ন উপলিপ্যতে (দৈহিকৈঃ দোষগুণৈঃ ন যুজ্যতে)॥ ৩২

অন্বয়ঃ।—হে ভারত! যথা একঃ রবিঃ ইমং কৃৎস্নং (সমগ্রং) লোকং প্রকাশয়তি, তথা ক্ষেত্রী (আত্মা) কৃৎস্নং (সমগ্রং) ক্ষেত্রং প্রকাশয়তি॥ ৩৩

অনুবাদ।—যেমন সর্ব্বব্যাপী আকাশ পঙ্কাদি সর্ব্ববিধ বস্তুতে থাকিয়াও, স্বয়ং অতি সূক্ষ্ম সুতরাং অসঙ্গ বলিয়া কোন বস্তুরই সহিত লিপ্ত হয় না, সেইরূপ আত্মা সর্ব্ববিধ দেহে থাকিয়াও নির্লিপ্ত॥ ৩২

অনুবাদ।—হে ভারত! যেমন একমাত্র সূর্য্য এই সমস্ত

ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরেবমন্তরং জ্ঞানচক্ষুষা।
ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ যে বিদুর্যান্তি তে পরম্ ॥ ৩৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে ক্ষেত্রক্ষেত্রজ্ঞ-বিভাগযোগো নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ।

অন্বয়ঃ।—এবং (উৎপ্রকারেণ) ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ অন্তরং (ভেদং) ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ (ভূতানাং প্রকৃতিঃ তস্যাঃ সকাশাৎ মোক্ষোপায়ং ধ্যানাদিকঞ্চ) জ্ঞানচক্ষুষা যে বিদুঃ, তে পরং [পদং] যান্তি (লভন্তে) ॥ ৩৪

জগৎকে প্রকাশিত করেন, সেইরূপ ক্ষেত্রী (আত্মা) সমস্ত ক্ষেত্রকে প্রকাশিত করিয়া থাকেন ॥ ৩৩

অনুবাদ।—যাঁহারা এইরূপে ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের পার্থক্য এবং ভূতগণের প্রকৃতি ও তাহা হইতে মোক্ষের উপায় জ্ঞান-চক্ষুদ্বারা জানেন, তাঁহারা মোক্ষ প্রাপ্ত হন ॥ ৩৪

ইতি ক্ষেত্রক্ষেত্রজ্ঞ বিভাগযোগ।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

পরং ভূয়ঃ প্রবক্ষ্যামি জ্ঞানানাং জ্ঞানমুত্তমম্।
যজ্‌জ্ঞাত্বা মুনয়ঃ সর্ব্বে পরাং সিদ্ধিমিতো গতাঃ॥১
ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ।
সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ॥২

অন্বয়ঃ।—শ্রীভগবান্ উবাচ—জ্ঞানানাং (তপঃকর্ম্ম-বিষয়কাণাং) [মধ্যে] উত্তমং (শ্রেষ্ঠং) পরং (পরমাত্মনিষ্ঠং) জ্ঞানং (উপদেশং) ভূয়ঃ (পুনরপি) প্রবক্ষ্যামি; যৎ জ্ঞাত্বা সর্ব্বে মুনয়ঃ ইতঃ (দেহবন্ধনাৎ) পরাং সিদ্ধিং (মোক্ষং) গতাঃ (প্রাপ্তাঃ)॥১

অন্বয়ঃ।—ইদং জ্ঞানম্ উপাশ্রিত্য (জ্ঞানসাধনমনুষ্ঠায়)

অনুবাদ।—শ্রীভগবান্ কহিলেন—তপস্যা ও কর্ম্ম সম্বন্ধীয় জ্ঞান সমূহের মধ্যে যাহা উত্তম, তাহা পুনরায় তোমাকে বলিতেছি; যাহা জানিলে মুনিগণ দেহবন্ধন হইতে মুক্তি লাভ করেন॥১

অনুবাদ।—এই জ্ঞান-সাধন অবলম্বন করিয়া আমার

মম যোনির্ম্মহদ্ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্।
সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত ॥ ৩

মম সাধর্ম্ম্যম্ (মদ্রূপত্বম্) আগতাঃ (প্রাপ্তাঃ) [সন্তঃ] সর্গেঽপি সৃষ্টিকালেঽপি ন উপজায়ন্তে (ন উৎপদ্যন্তে) প্রলয়ে (সৃষ্ট্যবসানে) চ ন ব্যথন্তি চ (প্রলয়-দুঃখং ন অনুভবন্তি; পুনর্নাবর্ত্তন্তে ইত্যর্থঃ) ॥ ২

অন্বয়ঃ।—হে ভারত! মহদ্ব্রহ্ম (প্রকৃতিঃ) মম যোনিঃ (গর্ভাধানস্থানম্); অহং তস্মিন্ গর্ভং (জগদ্বিস্তারহেতুং চিদাভাসং) দধামি (নিক্ষিপামি) ততঃ সর্ব্বভূতানাং সম্ভবঃ (উৎপত্তিঃ) ভবতি ॥ ৩

স্বরূপ প্রাপ্ত হওয়ায় সৃষ্টিকালে তাঁহারা উৎপন্ন হন না, প্রলয়কালেও প্রলয়-দুঃখ বোধ করেন না ॥ ২

অনুবাদ।—হে ভারত! মহদ্ব্রহ্ম অর্থাৎ প্রকৃতি আমার গর্ভাধানের স্থান! আমি তাহাতে (জগদ্বিস্তারের হেতুভূত চিদাভাস (অর্থাৎ অতিসূক্ষ্মজীবাত্মার বীজ-রূপ) গর্ভের আধান করি। তাহা হইতে ভূত সমুদয়ের উৎপত্তি হইয়া থাকে ॥ ৩

সর্ব্বযোনিষু কৌন্তেয় মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ।
তাসাং ব্রহ্ম মহদ্‌যোনিরহং বীজপ্রদঃ পিতা ॥৪
সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।
নিবধ্নন্তি মহাবাহো দেহে দেহিনমব্যয়ম্‌ ॥ ৫

অন্বয়ঃ।—হে কৌন্তেয়! সর্ব্বযোনিষু (মনুষ্যাদ্যাসু) যাঃ মূর্ত্তয়ঃ (স্থাবরজঙ্গমাত্মিকাঃ) সম্ভবন্তি (উৎপদ্যন্তে), মহদ্‌-ব্রহ্ম (প্রকৃতিঃ) তাসাং যোনিঃ (মাতৃস্থানীয়া), অহং বীজ-প্রদঃ (গর্ভাধানকর্ত্তা) পিতা ॥ ৪

অন্বয়ঃ।—হে মহাবাহো! সত্ত্বং, রজঃ, তমঃ ইতি প্রকৃতিসম্ভবাঃ (প্রকৃতিজাতাঃ) গুণাঃ দেহে অব্যয়ং (নির্ব্বিকারং) দেহিনং (চিদংশং) নিবধ্নন্তি (সুখদুঃখ-মোহাদিভিঃ সংযোজয়ন্তি) ॥ ৫

অনুবাদ।—হে কৌন্তেয়! মনুষ্যাদি যোনিতে স্থাবরজঙ্গমাত্মক যে শরীর উৎপন্ন হয়, প্রকৃতিই তৎসমুদয়ের মাতৃস্থানীয়া এবং আমি তাহাদের গর্ভাধান-কর্ত্তা পিতা ॥ ৪

অনুবাদ।—হে মহাবাহো! প্রকৃতি হইতে অভিব্যক্ত সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণ নির্ব্বিকার দেহীকে দেহমধ্যে বদ্ধ করিয়া রাখে ॥ ৫

তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ প্রকাশকমনাময়ম্।
সুখসঙ্গেন বধ্নাতি জ্ঞানসঙ্গেন চানঘ ॥ ৬
রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্।
তন্নিবধ্নাতি কৌন্তেয় কর্ম্মসঙ্গেন দেহিনম্ ॥৭

অন্বয়ঃ।—হে অনঘ! তত্র (তেষাং গুণানাং মধ্যে) নির্ম্মলত্বাৎ (স্বচ্ছত্বাৎ) প্রকাশকম্ (ভাস্বরম্), অনাময়ং (নিরুপদ্রবং, শান্তঞ্চ) সত্ত্বং সুখসঙ্গেন (সুখাসক্ত্যা) জ্ঞান-সঙ্গেন (জ্ঞানাসক্ত্যা) চ [দেহিনং] বধ্নাতি ॥ ৬

অন্বয়ঃ।—হে কৌন্তেয়! রজঃ রাগাত্মকং (অনুরঞ্জন-রূপং) তৃষ্ণাসঙ্গ-সমুদ্ভবং বিদ্ধি; তৎ (রজঃ) দেহিনং কর্ম্মসঙ্গেন (-কর্ম্মাসক্ত্যা) নিবধ্নাতি ॥ ৭

অনুবাদ।—হে অনঘ! এই তিনগুণের মধ্যে সত্ত্বগুণ নির্ম্মল, এজন্য উহা প্রকাশক ও উপদ্রব শূন্য; উহা জীবকে সুখাসক্তি ও জ্ঞানাসক্তি দ্বারা নিবদ্ধ করিয়া রাখে ॥ ৬

অনুবাদ।—হে কৌন্তেয়! তৃষ্ণা ও আসঙ্গ (আসক্তি) হইতে জাত রজোগুণ অনুরঞ্জনাত্মক জানিবে; উহা জীবকে কর্ম্মাসক্তি দ্বারা আবদ্ধ করে ॥ ৭

তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্ ।
প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত ॥৮
সত্ত্বং সুখে সঞ্জয়তি রজঃ কর্ম্মণি ভারত ।
জ্ঞানমাবৃত্য তু তমঃ প্রমাদে সঞ্জয়ত্যুত ॥৯

অন্বয়ঃ।—হে ভারত ! তমস্তু অজ্ঞানজং [অতঃ] সর্ব্ব-দেহিনাং মোহনং (ভ্রান্তিজনকং) বিদ্ধি (বিজানীহি) ; তৎ (তমঃ) প্রমাদালস্যনিদ্রাভিঃ (অনবধানেন অনুদ্যমেন অব-সাদেন চ) [দেহিনং] নিবধ্নাতি ॥ ৮

অন্বয়ঃ।—হে ভারত ! [দুঃখশোকাদিকারণে সত্যপি] সত্ত্বং [দেহিনং] সুখে সঞ্জয়তি (সংশ্লেষয়তি) ; [সুখাদি-কারণে সত্যপি] রজঃ কর্ম্মণি [সঞ্জয়তি], তমস্তু [মহৎ-সঙ্গেনোৎপদ্যমানমপি] জ্ঞানম্ আবৃত্য প্রমাদে সঞ্জয়তি, উত (আলস্যাদাবপি সংযোজয়তীত্যর্থঃ) ॥ ৯

অনুবাদ।—হে ভারত ! তমোগুণ অজ্ঞানজাত, এজন্য উহা সর্ব্বজীবের ভ্রান্তিজনক জানিবে ; উহা জীবকে প্রমাদ (অনবধানতা) আলস্য (অনুদ্যম) ও নিদ্রা (অবসাদ) দ্বারা আবদ্ধ করে ॥ ৮

অনুবাদ।—হে ভারত ! সত্ত্বগুণ জীবকে সুখে, রজোগুণ

রজস্তমশ্চাভিভূয় সত্ত্বং ভবতি ভারত।
রজঃ সত্ত্বং তমশ্চৈব তমঃ সত্ত্বং রজস্তথা ॥১০
সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্ প্রকাশ উপজায়তে।
জ্ঞানং যদা তদা বিদ্যাদ্বিবৃদ্ধং সত্ত্বমিত্যুত ॥১১

অন্বয়ঃ।—হে ভারত [জীবস্য অদৃষ্টবশাৎ] রজস্তমশ্চ অভিভূয় (তিরস্কৃত্য) সত্ত্বং ভবতি (উদ্ভবতি), সত্ত্বং তমশ্চৈব [অভিভূয়] রজঃ [উদ্ভবতি] ; তথা সত্ত্বং রজশ্চ [অভিভূয়] তমঃ উদ্ভবতি ॥ ১০

অন্বয়ঃ।—যদা অস্মিন্ [আত্মনো ভোগায়তনে] দেহে

কর্ম্মে ও তমোগুণ জ্ঞানকে আচ্ছন্ন করিয়া, প্রমাদে সংযুক্ত করিয়া রাখে ; আর আলস্য প্রভৃতিতেও সংযুক্ত করে ॥ ৯

অনুবাদ।—হে ভারত! [জীবের অদৃষ্টক্রমে] কখন রজোগুণ ও তমোগুণকে অতিক্রম করিয়া সত্ত্বগুণ প্রাদুর্ভূত হয় ; কখন সত্ত্ব ও তমোগুণকে অতিক্রম করিয়া রজোগুণ প্রকাশিত হয় ; আর কখনও বা সত্ত্ব ও রজোগুণকে অভিভূত করিয়া তমোগুণ প্রকাশ লাভ করে ॥ ১০

অনুবাদ।—যখন এই দেহের শ্রোত্রাদি সমুদয় ইন্দ্রিয়